

জাতীয় বিশ্ববিদ্যালয়
উত্তরপত্র
মূল্যায়নে ভুল
সতর্ক করা হলো
২১ শিক্ষককে

গাজীপুর প্রতিনিধি •

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১০ সালের
স্নাতকোত্তর (মাষ্টার) পরীক্ষার
উত্তরপত্র মূল্যায়নে ভুল করার
অভিযোগে বিভিন্ন কলেজে ২১ জন
শিক্ষককে সতর্ক করা হয়েছে। একই
সঙ্গে ওই শিক্ষকদের পরীক্ষাসংক্রান্ত
কাজ থেকে বিরত রাখার সিদ্ধান্ত
নেওয়া হয়েছে। জাতীয়
বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে
গতকাল সোমবার এ তথ্য জানানো
হয়েছে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানায়,
২০১০ সালের স্নাতকোত্তর পরীক্ষার
উত্তরপত্র মূল্যায়নে ওই ২১ শিক্ষক
ভুল করেন। বিষয়টি ধরা পড়ার পর
তাদের দেখা খাতাগুলো পুনর্মূল্যায়ন
রূরে শিক্ষার্থীদের প্রকৃত স্নায় প্রাপ্তি
নিশ্চিত করা হয়।

তবে এরপর ওই পরীক্ষকদের
পাঁচ বছরের জন্য পরীক্ষাসংক্রান্ত
কাজ থেকে বিরত রাখার সিদ্ধান্ত
নেওয়া হয়। পরে এ ধরনের
পরিস্থিতি এড়াতে পরীক্ষা গ্রহণ,
উত্তরপত্র মূল্যায়ন ও ফলাফল প্রকাশে
অধিকতর স্বচ্ছতা নিশ্চিত করতে
কর্তৃপক্ষ এ ব্যবস্থা নিয়েছে জাতীয়
বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।